Acc. No. 42 **Shelf No.** A 1 4 R2

Title Caityanāṣṭaka
SubTitle

Role Author ✓ | Editor ✓ | Comment. ✓ | Transl. | Compiler |

Rupa Gosvami
Baladeva Vidyabhusana
Atul Krsna Gosvami

Edition

Publisher Gaudiya Math

Place Kalikata **Year** 1913 **Ind.Yr.** 1320

Lang. Sanskrit **Script** Bengali

Subject

P.T.O. ➡

digitized at BRGindia.com

Sundarana...
Acc No 42

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো জয়তি।

শ্রীশ্রীচৈতন্যাষ্টক।

শ্রীপাদ-রূপগোস্বামি-বিরচিত।

শ্রীমদ্‌বলদেব-বিদ্যাভূষণ-কৃত টীকা
এবং সম্পাদক-কৃত অনুবাদ সমেত।

শ্রীমন্নিত্যানন্দ প্রভুবংশ্য
শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামি কর্ত্তৃক
সম্পাদিত।

কলিকাতা,
৬৬নং মাণিকতলাষ্ট্রীট্।
শ্রীগৌড়ীয়-বৈষ্ণবসম্মিলনী-কার্য্যালয় হইতে
প্রকাশিত।

২৮শে ফাল্গুন, বঙ্গাব্দ ১৩২০ সাল।

৬৬নং মানিকতলা ষ্ট্রীট্, বাণী প্রেসে
শ্রীআশুতোষ চক্রবর্ত্তী দ্বারা মুদ্রিত।

digitized at BRCindia.com

SUNDARANANDA VIDYABINODE
DACCA
Malakartola

সম্পাদকীয় বক্তব্য

শ্রীপাদ রূপ গোস্বামীর শ্রীচৈতন্যাষ্টক গৌড়ীয়-বৈষ্ণব-মণ্ডলীর বিশেষ পরিচিত। ইহার আর নূতন পরিচয় অনাবশ্যক। অদ্য শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর শুভ আবির্ভাব-বাসরে তাঁহারই শ্রীলীলার স্মারক শ্রীঅষ্টক 'উপহার' লইয়া বৈষ্ণবমণ্ডলীর সমীপে উপস্থিত হইলাম। উপযুক্ত দিনে উপযুক্ত উপহার পাইয়া কে না আনন্দিত হইবেন?

আজিকার দিন—বাঙ্গালীর জাতীয় ইতিহাসের একটা প্রধান স্মরণীয় এবং বরণীয় দিন। হইবে না?—আজিকার দিনেই যে এই বাঙ্গালার মাটীতেই সেই কাঙ্গালের কল্পপাদপ প্রাদুর্ভূত হইয়াছিলেন?

শ্রীলঠাকুর বৃন্দাবনদাসের ভাষাতেই আজিকার তিথির একটু মহিমা শুনাইয়া দিই। তিনি বলেন,—

"চৈতন্যের জন্মযাত্রা ফাল্গুনী পূর্ণিমা।
ব্রহ্মা-আদি এ তিথির করে আরাধনা ॥
পরম পবিত্র তিথি ভক্তিস্বরূপিণী।
যহি অবতীর্ণ হইলেন দ্বিজমণি ॥
নিত্যানন্দ-জন্ম মাঘ শুক্লা-ত্রয়োদশী।
গৌরচন্দ্র-প্রকাশ ফাল্গুনী পৌর্ণমাসী ॥
সর্ব্বযাত্রা-মঙ্গল এ দুই পুণ্য তিথি।
সর্ব্বশুভ-লগ্ন অধিষ্ঠান হয় ইথি ॥"

(শ্রীচৈতন্যভাগবত, আদি, ২য় অধ্যায়।)

শ্রীপাদ রূপগোস্বামী শ্রীবৃন্দাবনে বসিয়া শ্রীমহাপ্রভুর লীলা-স্মরণের সময় তিনটী অষ্টক রচনা করেন। তিনটী অষ্টকে শ্রীপ্রভুর তিন অবস্থার বর্ণনা আছে। প্রথম অষ্টকে শ্রীমহাপ্রভুর পুরুষোত্তম-ধামে অবস্থান কালীন বর্ণনা, দ্বিতীয় অষ্টকে—পুরুষোত্তম হইতে জননীদর্শনের জন্য গৌড়ে আগত গৌরের বর্ণনা এবং তৃতীয়

digitized at BRCindia.com

অষ্টকে—আবার পুরুষোত্তমক্ষেত্রে বিরাজমান ভাববিভোর শ্রীগৌরাঙ্গের বর্ণনা স্থান প্রাপ্ত হইয়াছে।

অষ্টক তিনটী সাধারণের সুখবোধ্য করিবার জন্য শ্রীপাদ বলদেব-বিদ্যাভূষণের টীকা এবং বঙ্গানুবাদের সহিত প্রকাশিত হইল। এই অষ্টক তিনটী ইতিপূর্ব্বে এভাবে আর প্রকাশিত হয় নাই। আমার পরম কল্যাণভাজন শ্রীমান্ মাণিকচাঁদ গোস্বামী ভাইজীবন এই সংস্করণের ব্যয়ভার বহন করিয়াছেন। শ্রীমহাপ্রভুর শ্রীপাদপদ্মে শ্রীমানের ভক্তি উত্তরোত্তর বর্দ্ধিত হউক। ইতি

শ্রীগৌরপূর্ণিমা — শ্রীগৌরাঙ্গদাসানুদাস

শ্রীগৌরাঙ্গ ৪২৯ — শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী

সম্পাদক।

৪০।১।এ মহেন্দ্রনাথগোস্বামীর লেন,
সিমুলিয়া, কলিকাতা।

digitized at BRCindia.com

SUNDARANANDA VIDYABINODE
DACCA
48 Malikartola

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো জয়তি

শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্।

অথ প্রথমাষ্টকম্।

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশপরমেষ্ঠিপ্রভৃতিভিঃ।

শ্রীবৃন্দারণ্যে স্থিতঃ শ্রীরূপঃ শ্রীপুরুষোত্তমক্ষেত্রস্থং শ্রীচৈতন্যং "কৃষ্ণবর্ণম্" (ভা ১১।৫।৩২) ইত্যাদিশাস্ত্রাৎ তদনুগ্রহাচ্চ সাক্ষাৎ ঈশ্বরম্ অনুভূয স্তবেন বর্ণয়ন্ তদ্দর্শনম্ আশাস্তে,—'সদা' ইত্যাদিভিঃ। স চৈতন্যঃ মে, দৃশোঃ—নেত্রয়োঃ, পদং পুনরপি কিং যাস্যতি? "পদং ব্যবসিতি-ত্রাণ-স্থান-লক্ষ্মাঙ্ঘ্রি-বস্তুষু" ইতি নানার্থবর্গঃ। মন্নেত্র-ব্যবসায়ং—তদ্বিষয়তাং স কদা গমিষ্যতীতি তাদৃগ্ভাগ্যং কদা মে স্যাদিতি ভাবঃ। স কীদৃক্?—ইত্যাহ,—গিরিশ-পরমেষ্ঠি প্রভৃতিভিঃ—শিব-বিরিঞ্চ্যাদিভিঃ, গীর্ব্বাণৈঃ—দেবৈঃ, সদা—নিত্যম্, উপাস্যঃ—সেব্যঃ। ননু তৎসন্নিধৌ তে ন প্রতীয়ন্তে? তত্রাহ,— ধৃতেতি। কৃষ্ণাবতারে সাক্ষাদেব তম্ উপাসিতবন্তঃ, ইহ তু আচার্য্য-হরিদাসাদি বপুষা উপাসত ইত্যর্থঃ। প্রণয়িতাং—তস্মিন্ প্রীতিং, বহদ্ভিঃ—প্রাপ্নুবদ্ভিঃ। কিং কুর্ব্বন্?—ইত্যাহ,—স্বভক্তেভ্যঃ স্বরূপদামোদরাদিভ্যঃ, নিজ-ভজন-মুদ্রাং—স্বভক্তি-পরিপাটীম্, উপদিশন্। শুদ্ধাং—কর্ম্মযোগাদ্যনাবৃতাম্। অয়ম্ অর্থঃ,—"কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্। যজ্ঞৈঃ

শঙ্কর-ব্রহ্মা প্রভৃতি অমরবৃন্দ মানব-বিগ্রহ ধারণ করিয়া প্রীতি-সহকারে সর্ব্বদা যাঁহার সেবা করিয়া থাকেন, যিনি শ্রীমান্—সৌন্দর্য্য-মাধুর্য্যের ভাণ্ডার এবং যিনি

digitized at BRCindia.com

স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥ ১॥

সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥" (ভা১১।৫।৩২) ইতি একাদশে চতুর্থযুগাবতারো বর্ণিতঃ, স এব কৃষ্ণচৈতন্যঃ; হরিকীর্ত্তনপ্রধানস্য যজ্ঞস্য—তদসাধারণধর্ম্মস্য তত্রৈব দর্শনাৎ। অসাধারণধর্ম্মেণ লক্ষণেন হি লক্ষ্যং পরিচীয়তে। "জন্মাদ্যস্য যতঃ" (ব্র সূ ১।১।২) ইতি সূত্রে যথা জগজ্জন্মাদিহেতুত্বেন তেন তল্লক্ষ্যং ব্রহ্ম পরিচিতম্। স চ অবতারঃ গীর্বাণৈঃ সেব্যঃ ইতি—"ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্" (ভা ১১।৫।৩৩) ইতি তদনন্তরোক্তেঃ। অসকৃৎ আবির্ভাবনম্ এতৎ শ্রুতিরপি দ্যোতয়তি,—"মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ" (শ্বেতাশ্বতর ৩।১২) ইতি। এবং সাক্ষাৎ ঈশ্বরতয়া নিশ্চিতেঽপি তস্মিন্ যদি কস্যচিৎ মন্দমতেঃ অনাস্থা স্যাৎ, সা তু তদপ্রসাদাৎ এব, ইতি জ্ঞাপয়তে ;—"তমক্রতুঃ পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদান্মহিমানমীশম্" (কঠ ২।২০) ইত্যাদিশ্রুতেঃ, "অথাপি তে দেব ! পদাম্বুজদ্বয়প্রসাদলেশানুগৃহীত এব হি। জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো, নচান্য একোঽপি চিরং বিচিন্বন্॥" (ভা ১০।১৪।২৯) ইত্যাদিস্মৃতেশ্চ 'তৎপ্রসাদ এব তত্ত্বাবগমহেতুঃ' ইতি অন্বয়-ব্যতিরেকদৃষ্টং, বাসুদেবসার্ব্বভৌমাদৌ ব্যক্তমেতৎ। চতুর্থপাদঃ সপ্তসু অনুবর্ত্ত্যঃ ; অষ্টকেষু এবমেব কবিরীতেঃ ॥ ১ ॥

আপন অন্তরঙ্গ ভক্তবৃন্দকে আপন বিশুদ্ধ (জ্ঞানকর্ম্মাদির আবরণ-শূন্য) ভজনপ্রণালী উপদেশ প্রদান করিতে নিরত রহিয়াছেন, সেই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন ? ॥ ১ ॥

digitized at BRCindia.com

স্বরেশানাং দুর্গং গতিরতিশয়েনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণতপটলীনাং মধুরিমা।
বিনির্য্যাসঃ প্রেম্ণো নিখিলপশুপালাম্বুজদৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥২॥

এষ চৈতন্যদেবো ন চতুর্থযুগাবতারঃ কৃষ্ণস্যাংশঃ; "কৃতে শুক্লো ধর্ম্মমূর্ত্তী রক্তস্ত্রেতাযুগে মতঃ। দ্বাপরে চ কলৌ চাপি শ্যামলাঙ্গঃ প্রকীর্ত্তিতঃ॥" ইতি তস্য শ্যামলবর্ণত্বশ্রবণাৎ; কিন্তু প্রেয়সী-ভাব-কান্তিভ্যাং পিহিত-স্বভাব-কান্তিঃ স্বয়ং কৃষ্ণ এব আবিরভূৎ, ইতি ভাবেন আহ,—সুরেশানাম্ ইতি। দুর্গং—নির্ভয়স্থানম্। গতিঃ—পরতত্ত্বসঞ্চারঃ। সর্ব্বস্বং—তপোবিজ্ঞান-লক্ষণম্ ঐহিকং পারত্রিকং চ ধনম্। প্রণতপটলীনাং—দাসভক্ত-বৃন্দানাং, মধুরিমা—দাস্যভক্তিমাধুর্য্যম্। "সংঘাতে প্রকরৌঘ-বার-নিকর ব্যূহাঃ সমূহশ্চ যঃ। সন্দোহঃ সমুদায়-রাশি-বিসর-ব্রাতাঃ কলাপো ব্রজঃ। কূটং মণ্ডল-চক্রবাল-পটল-স্তোমা গণঃ পেটকম্। বৃন্দং চক্র-কদম্বকং সমুদয়ঃ পুঞ্জোৎকরৌ সংহতিঃ॥" ইতি হৈমঃ। নিখিল-পশুপালাম্বুজদৃশাং—সমস্ত-ব্রজবনিতানাং, প্রেম্ণঃ—কৃষ্ণ-বিষয়কস্য, বিনির্য্যাসঃ—সারঃ। 'স চৈতন্যঃ কিম্' ইত্যাদি প্রাগ্বৎ। ইহ হেতুলঙ্কারো দর্শিতঃ—দুর্গাদিহেতোরপি চৈতন্যস্য দুর্গাদিরূপেণ অভিধানাৎ। যদুক্তং কাব্যকৌমুদ্যাং—"হেতোরেব কারণ্যাখ্যানং হেতুর্হেতো ভবান্যতে।" ইতি। "অমরাণাং নিক্রান্তঃ সাক্ষাৎ আশ্র-

যিনি সুরেশ্বরগণের দুর্গ—নির্ভয়স্থান,—অর্থাৎ আশ্রয় গ্রহণ করিবামাত্রই যিনি অমরবৃন্দের অধিপতিগণকেও ভয়হীন করেন। যিনি উপনিষৎসমূহের অতিশয় গতি,—অর্থাৎ সমগ্র বেদের অভ্যন্তরে পরতত্ত্বের সঞ্চার করিয়া থাকেন। যিনি মুনিবৃন্দের সর্ব্বস্ব,—অর্থাৎ তাঁহাদিগকে

digitized at BRCindia.com

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈতদয়িতঃ
প্রপন্ন শ্রীবাসো জনিতপরমানন্দগরিমা ।

ষ্টিত্রজঃ রূপাম্। ত্বৈধং শ্রোতব্যানাক্ষ-জীযাদ্‌বংশীধ্বনিতোঃ ॥”
ইতিবৎ। ইহ আদ্র-বিদ্রব্যাদি-হেতুভূতোঽপি বংশীনাদঃ তদ্রূপ-
তয়া বর্ণিতঃ। অস্য সাক্ষাৎ কৃষ্ণত্বং তু অগ্রে ব্যক্তীভাববাদিত ॥ ২ ॥

অথ শ্লেষেণ সাক্ষাৎ কৃষ্ণত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি,—‘স্বরূপম্’
ইতি। জগতি, অতুলং—নিরুপমং, স্বরূপং—তন্নামানং পার্ষদং,
বিভ্রাণঃ—ধারয়ন্, কৃপাসুধয়া পুষ্ণন্ চ। অদ্বৈতস্য—তদাখ্যস্য
আচার্য্যস্য, দয়িতঃ—প্রিয়ঃ, স দয়িতো যস্য ইতি বা। প্রপন্নঃ—
শরণম্ আগতঃ, শ্রীবাসঃ—তন্নামা পণ্ডিতোঽয়ং যস্য সঃ। তথা
জনিতঃ, পরমানন্দে—স্বগুরু-সতীর্থে পরিব্রাজি, গরিমা—গুরুভাবঃ,
যেন সঃ। জগদবিদ্যা-হরণাৎ ‘হরিঃ’। এতদেব আহ,—দীনোত
দীনান্—আধ্যাত্মিকাদি-তাপতপ্তান্, উদ্ধর্ত্তুং শীলং যস্যেতি
তথা, গজপতৌ—উৎকলাধিপে নৃপেন্দ্রে, যঃ, কৃপোৎসেকঃ—

তপস্যা এবং বিজ্ঞান স্বরূপ ঐহিক এবং পারত্রিক সম্পত্তি
প্রদান করেন। যিনি তাঁহার চরণে প্রণত—দাস-ভক্ত-
মণ্ডলীর মাধুর্য্য,—অর্থাৎ তাঁহাদিগকে দাস্যভক্তি-মাধুর্য্য
আস্বাদন করাইয়া থাকেন। যিনি সমস্ত ব্রজবধূবর্গের
[শ্রীকৃষ্ণবিষয়ক] প্রেমের সার অর্থাৎ তাঁহাদিগকে আপন
আপন ভাবের অনুরূপ অনুরাগময় বিশুদ্ধ প্রেমের আস্বাদন
দান করেন। সেই অভিন্ন শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু
কি আবার আমার নয়নপথের পাথক হইবেন ? ॥ ২ ॥

এই জগতে যাঁহার তুলনা নাই—সেই স্বরূপ-
গোস্বামীকে যিনি পার্ষদরূপে স্বীকার করিয়াছেন এবং কৃপা-
সুধায় পুষ্ট করিয়াছেন। যিনি শ্রীল অদ্বৈত চার্য্যপ্রভুর দয়িত
—অতিশয় প্রিয়। (কিংবা শ্রীমৎ অদ্বৈতাচার্য্যপ্রভু যাঁহার

digitized at BRCindia.com

হরির্দীনোদ্ধারী গজপতিকৃপোৎসেকতরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৩॥

কারুণ্যধারাভিষেচনঃ, তত্র, তরলঃ—সত্বরঃ। শ্লেষেণ, হরিঃ—সিংহোঽপি গজরাজে স কৃপয়তু ইতি বিরুদ্ধাভাসোঽলঙ্কারঃ। তেন কৃষ্ণস্তুতসিংহত্বং ব্যজ্যতে। কৃষ্ণপক্ষে,—জগতি অতুলং, স্বরূপং—শ্রীবিগ্রহং, বিভ্রাণঃ—ধারয়ন্, প্রকটয়ন্ ইতি যাবৎ। "ন তস্য প্রতিমাস্তি" ইতি শ্রুতেঃ (শ্বেতাশ্বতর ৪।১৯)। অদ্বৈতং—নানা-রূপত্বেঽপি ভেদাভাবঃ, তৎ, দয়িতং—প্রিয়ং, যস্য সঃ। "একোঽপি সন্ বহুধা যো বিভাতি একং সন্তং বহুধা দৃশ্যমানম্" ইতি শ্রুতেঃ একত্বাম্ অজ্ঞতদেব নানারূপ ইত্যর্থঃ। প্রপন্নায়াঃ—পাদসেবিন্যাঃ, শ্রিয়ঃ—লক্ষ্ম্যাঃ, নিবাসঃ—সমাশ্রয়ঃ। জনিতঃ—স্বজন্মনা প্রাদুর্ভাবিতঃ, পরমানন্দগরিমা—নিঃসীমাতিশয়ঃ সুখবারিধিঃ যেন সঃ। গজপতিঃ—গ্রাহগ্রস্তো গজেন্দ্রঃ। স্ফুটার্থ-মন্যৎ। শব্দার্থশ্লেষয়োঃ সঙ্করোঽয়ম্ ॥৩॥

একান্ত প্রীতির পাত্র।) শ্রীবাস পণ্ডিত যাঁহার শরণাগত। শ্রীগুরুর সতীর্থ বলিয়া শ্রীপাদ পরমানন্দ পুরীর প্রতি যিনি গুরুভাব প্রকাশ করিয়া থাকেন। যিনি এই সংসারে আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক—এই ত্রিবিধ তাপে উত্তপ্ত, সুতরাং দীনতাপ্রাপ্ত জীববৃন্দের উদ্ধারকারী 'হরি'। (—জগতের অজ্ঞান-অন্ধকার হরণ করিয়া প্রেম-ভক্তির বিমল আলোক বিস্তার করেন বলিয়াই 'হরি'।) অপিচ, উৎকলাধিপতি 'গজপতি'-উপাধিধারী প্রতাপরুদ্র নৃপতির প্রতি কৃপামৃত বর্ষণে যিনি ব্যগ্র *। সেই

* হরি-শব্দের একটি অর্থ,—সিংহ। এই অর্থ ধরিয়া এই অংশের শ্লেষার্থ এইরূপ,—হরি—সাধারণ সিংহ কখনও গজপতির প্রতি কৃপা বিস্তার করে না। তাহার কুম্ভই বিদীর্ণ করিয়া থাকে। গৌরসিংহ কিন্তু অসাধারণ সিংহ। যেহেতু তিনি গজপতির উপরও কৃপা বিস্তার করেন। প্রতাপরুদ্ররাজও 'গজপতি'

digitized at BRCindia.com

রসোদ্দামা কামার্ব্বুদমধুরধামোজ্জ্বলতনু-
র্যতীনামুত্তংসস্তরণিকরবিদ্যোতিবসনঃ ।

রসৈঃ—ভক্তিসুখস্বাদৈঃ, উদ্দামা—অতিমত্তঃ । "রসো গন্ধরসে স্বাদে" ইতি বিশ্বঃ । কামার্ব্বুদস্য ইব, মধুরং—স্বাদু, যৎ, ধাম—মোহনপ্রভাবঃ, তেন উজ্জ্বলা তনুঃ যস্য সঃ । "মধুরঃ সুরসে পুংসি মধুরস্তু বিষান্তরে । মধুরো রসবৎ স্বাদু প্রিয়েষু ত্রিষু বাচ্যবৎ ॥" ইতি বিশ্বলোচনকারঃ । "ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্ম-প্রভাবয়োঃ ॥" ইতি বিশ্বঃ । অতিমোহনমূর্ত্তিঃ ইত্যর্থঃ ।

শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন ? ॥ ৩ ॥

রসে—ভক্তিসুখের আস্বাদনে যিনি 'উদ্দাম'—উন্মত্ত ; অর্ব্বুদসংখ্যক কন্দর্পের মত 'মধুর'—মাদকতাবিশিষ্ট যে 'ধাম'—প্রভাব, তদ্দ্বারা যাঁহার 'তনু'—শ্রীবিগ্রহ সমুজ্জ্বল,—অর্থাৎ যাঁহার শ্রীমূর্ত্তি দর্শনমাত্রই মোহিত হইতে হয় । যিনি যতিগণের—সন্ন্যাসিসমূহের 'উত্তংস'—

আর যাহারা বিধির অঙ্কুশ মানেনা, সেই বিষয়মদে মত্ত—হিতাহিত-বিবেচনা-শূন্য নরগণও গজপতি,—মদান্ধতার উচ্ছৃঙ্খলতায় তাহারা হস্তীরও রাজা। দয়াময় গৌরহরি তাহাদের দণ্ড বিধান করেন নাই, কৃপা করিয়া তাহাদের হৃদয়ও বিশুদ্ধ করিয়া দিয়াছেন। সুতরাং এ হরি—এ সিংহ বিচিত্র 'হরি'—বিচিত্র সিংহ।

এই তৃতীয় শ্লোকের সম্পূর্ণ অংশেরও একটী শ্লিষ্ট অর্থ আছে। সে অর্থটী হইতেছে সাক্ষাৎ শ্রীকৃষ্ণপক্ষে। যথা,—যিনি জগতে অতুলনীয় 'স্বরূপ' শ্রীবিগ্রহ প্রকট করিয়াছেন। যিনি 'অদ্বৈত'—ভেদাভাব ভাল বাসেন, অর্থাৎ একতা ত্যাগ না করিয়াই যিনি নানারূপে প্রকাশ পাইয়া থাকেন। প্রপন্না—চরণসেবন-পরায়ণা, শ্রীর—লক্ষ্মীদেবীর যিনি, নিবাস—আশ্রয়স্থান। আপন আবির্ভাব দ্বারা যিনি জগতে সীমা-পরিমাণ-শূন্য সুখরাশি প্রাদুর্ভাবিত করিয়াছেন। যিনি দীনজনোদ্ধারী শ্রীহরি এবং যিনি কুম্ভীর-মুখ হইতে শরণাগত গজরাজকে কৃপা পূর্ব্বক উদ্ধার করিয়াছেন।

digitized at BRCindia.com

হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিকরুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৪॥
হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিতরসনো নামগণনা-
কৃতগ্রন্থিশ্রেণীসুভগকটিসূত্রোজ্জ্বলকরঃ।

যতীনাং—সন্ন্যাসিনাম্, উত্তংসঃ—শিরোভূষণম্। তরণিকরাঃ—প্রাভাতিক-সূর্য্য-কিরণাঃ, তদ্বৎ বিদ্যোতানে—দীপ্তিমন্তি, বসনানি যস্য সঃ। গৈরিকারক্তবস্ত্র ইত্যর্থঃ। অঙ্গরুচা—অবয়ব-কান্ত্যা, হিরণ্যানাং—সুবর্ণানাং, 'লক্ষ্মীভরং'—শোভাতিশয়ং, অভিভবন—তিরস্কুর্বন্। "স্যুঃ প্রভা রুগ্ রুচিস্ত্বিড়্ ভা ভাশ্ছবি-দ্যুতি-দীপ্তয়ঃ" ইতি অমরঃ ॥ ৪ ॥

'হরে কৃষ্ণ' ইতি মন্ত্র প্রতীক-গ্রহণম্। ষোড়শনামাত্মনা দ্বাত্রিংশদক্ষরেণ মন্ত্রেণ উচ্চৈঃ উচ্চারিতেন, স্ফুরিতা—কৃতনৃত্যা, রসনা—জিহ্বা, যস্য সঃ। নাম্নাম্ উচ্চারিতানাং গণনার্থৈ কৃতা যা গ্রন্থিশ্রেণী, তয়া, সুভগং—সুন্দরং, কটিসূত্রং তেন—উজ্জ্বল-

---

শিরোভূষণ। 'তরণি-করের'—অরুণ-কিরণের ন্যায় 'বিদ্যোত'—দীপ্তিবিশিষ্ট যাঁহার বসন,—অর্থাৎ যিনি গৈরিক রঞ্জিত রক্তবস্ত্র পরিধান করিয়া আছেন। অঙ্গকান্তি দ্বারা যিনি হিরণ্যসমূহের—সুবর্ণরাশির 'লক্ষ্মাভর'—অতিশয় শোভাকে অভিভব করিতেছেন—দূর করিয়া দিতেছেন, সেই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন? ॥ ৪ ॥

উচ্চস্বরে 'হরে! কৃষ্ণ!' প্রভৃতি হরিনাম মহামন্ত্র উচ্চারণে যাঁহার জিহ্বা নৃত্য করিতেছে। উচ্চারিত নাম-

বিশালাক্ষো দীর্ঘার্গলযুগলখেলাঙ্কিতভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৫॥
পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালীকলনয়া
মুহুর্বৃন্দারণ্যস্মরণজনিতপ্রেমবিবশঃ ।

লেন উজ্জ্বলঃ, করঃ—বাহুহস্তঃ, যস্য সঃ। বিশালাক্ষঃ—কর্ণান্তনেত্রঃ। দীর্ঘং যৎ অর্গলযুগলং, তস্য, খেলয়া—বিলাসেন, অঙ্কিতৌ ভুজৌ যস্য সঃ, আজানুলম্বিতবাহুঃ ইত্যর্থঃ। "অর্গলা পরিঘঃ স্মৃতঃ" ইতি হলায়ুধঃ। শিখরিণী ছন্দঃ ॥৫॥

পয়োরাশেঃ—সমুদ্রস্য, তীরে—তটে, স্ফুরন্তীনাম্, উপবনালীনাম্—আরামপঙ্‌ক্তীনাং, কলনয়া—বীক্ষণেন, যৎ মুহুঃ বৃন্দা-

মন্ত্রের গণনার জন্য(১)—সংখ্যা রাখিবার জন্য যিনি সুন্দর কটিসূত্রে শ্রেণী-আকারে গ্রন্থি বন্ধন করিয়াছেন এবং সেই কটিসূত্রের প্রান্তভাগ ধারণ করায় যাঁহার বাহুহস্ত সমধিক শোভাসম্পন্ন হইয়াছে। যাঁহার নয়ন আকর্ণ বিস্তৃত। যাঁহার বাহুযুগল দীর্ঘ অর্গল যুগলের ন্যায় শোভমান। সেই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন? ॥ ৫ ॥

সমুদ্রের তীরে উপবনের শ্রেণী শোভা পাইতেছে; তদ্দর্শনে বারংবার বৃন্দাবনের স্মরণ হওয়ায় যিনি প্রেমে বিবশ হইয়া পড়িতেছেন। কোথাও বা শ্রীকৃষ্ণনামের

(১ "অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে। অসংখ্যাতঞ্চ যজ্জপ্তং তৎসর্বং নিষ্ফলং ভবেৎ॥" (শ্রীহরিভক্তিবিলাস, ১৭শ বিলাস, ব্যাসস্মৃতি-বচন)—অঙ্গুলির অগ্রভাগে, সুমেরু লঙ্ঘন করিয়া এবং সংখ্যা না রাখিয়া যে জপ করা যায়, তাহা সমস্তই নিষ্ফল হয়। সুতরাং এই সংখ্যা রাখা।

ক্বচিৎ কৃষ্ণাবৃত্তিপ্রচলরসনো ভক্তিরসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৬॥
রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচলপতে-
রদভ্রপ্রেমোর্ম্মিস্ফুরিতনটনোল্লাসবিবশঃ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃততনুর্বৈষ্ণবজনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৭॥

তদাশ্চর্যং, তজ্জ্ঞানতেন, প্রেম্ণা, বিবশঃ—অধৈর্য্যং গতঃ। ক্বচিৎ স্থানে, কৃষ্ণাবৃত্ত্যা—'কৃষ্ণ' ইতি নাম্নঃ অসকৃৎ কীর্ত্তনেন, প্রচলা, রসনা—জিহ্বা, যস্য সঃ; অস্মাৎ ভক্তিরসিকঃ ॥ ৬ ॥

রথারূঢ়স্য, নীলাচলপতেঃ—শ্রীজগন্নাথস্য, আরাৎ—নিকটে। "আরাদ্দূরসমীপয়োঃ" ইত্যমরঃ। অধিপদবি—পথি; বিভক্ত্যর্থেঽব্যয়ীভাবঃ। অদভ্রেণ—মহতা, প্রেমোর্ম্মিণা স্ফুরিতো যঃ, নটনোল্লাসঃ—নৃত্যাতিশয়ঃ, তেন বিবশঃ। "পুরুভূতং পুরুলং পুষ্টমদভ্রমকৃশমধীমতে" ইতি হলায়ুধঃ। স্ফুটমন্যৎ ॥ ৭ ॥

আবৃত্তি করিতেকরিতে যাঁহার জিহ্বা যার-পর নাই চঞ্চল হইয়া উঠিয়াছে। সেই ভক্তিরসিক শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন ? ॥ ৬ ॥

শ্রীনীলাচলনাথ জগন্নাথ শ্রীরথে আরোহণ করিয়া পথে চলিয়াছেন ; তাহা দেখিয়া যাঁহার প্রেমের তরঙ্গ বাড়িয়া বাড়িয়া উঠিতেছে এবং সেই প্রেমের প্রাবাল্য যিনি শ্রীজগন্নাথের সমীপে নর্ত্তনোল্লাসে বিবশ হইয়া পড়িতেছেন। বৈষ্ণববৃন্দ আনন্দভরে গান করিতেকরিতে যাঁহার শ্রীঅঙ্গ পরিবেষ্টন করিতেছেন। সেই শ্রীকৃষ্ণ-

digitized at BRCindia.com

ভুবং সিঞ্চন্নশ্রুস্রুতিভিরভিতঃ সান্দ্রপুলকৈঃ
পরীতাঙ্গো নীপস্তবকনবকিঞ্জল্কজয়িভিঃ ।
ঘনস্বেদস্তোমস্তিমিততনুরুৎকীর্ত্তনসুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৮॥
অধীতে গৌরাঙ্গস্মরণপদবীমঙ্গলতরং
কৃতী যো বিশ্রম্ভস্ফুরদমলধীরষ্টকমিদম্ ।

অশ্রুস্রুতিভিঃ—নয়নাম্বুধারাভিঃ ভুবং সিঞ্চন্। সান্দ্রপুলকৈঃ—নিবিড়-রোমাঞ্চৈঃ, অভিতঃ, পরীতাঙ্গঃ—ব্যাপ্তাবয়বঃ। পুলকান্ বিশিনষ্টি,—নীপেতি। কদম্বগুচ্ছ-কেশর-জয়িভিরিত্যর্থঃ। "তুলক নীপ-প্রিয়ক কদম্বাস্তু হলিপ্রিয়ে" ইতি, "স্যাদ্ গুচ্ছকস্তু স্তবকঃ" ইতি, "কিঞ্জল্কঃ কেশরোঽস্ত্রিয়াম্" ইতি চ অমরঃ। ঘনেন—নিবিড়েন, স্বেদ-স্তোমেন, স্তিমিতা—আর্দ্রা, তনুঃ যস্য সঃ ॥ ৮ ॥

অষ্টকপাঠফলম্ আহ, 'অধীতে' ইতি। যঃ, কৃতী—বিদ্বান্, জনঃ, চৈতন্যদেবস্য ইদম্ অষ্টকম্, অধীতে—পঠতি, তস্য তদমল-পদাম্ভোজ যুগলে প্রেমলহরী, পরিস্ফুরতু—ভবতাং, ইতি তং প্রতি

চৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়নপথের পথিক হইবেন ? ॥ ৭ ॥

যিনি অশ্রুধারায় ধরণীকে অভিষিক্ত করিতেছেন। কদম্ব-গুচ্ছের কেশরেরও পরাভবকারী নিবিড় পুলকে যাঁহার সমস্ত শরীর পরিব্যাপ্ত। প্রবল ঘনীভূত ঘর্ম্মজলে যাঁহার শ্রীবিগ্রহ অভিস্নাত। উচ্চ সংকীর্ত্তনের আনন্দ-নিমগ্ন সেই শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু কি আবার আমার নয়ন-পথের পথিক হইবেন ? ॥ ৮ ॥

বিশ্বাসসমুল্লাসিত বিশুদ্ধ বুদ্ধি-সম্পন্ন যে বিদ্বান্ ব্যক্তি শ্রীগৌরাঙ্গের স্মরণের সহায় এবং পরম মঙ্গলালয়

digitized at BRCindia.com

পরানন্দে সদ্যস্তদমলপদাম্ভোজযুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেমলহরী ॥ ৯ ॥

ইতি শ্রীচৈতন্যদেবস্য প্রথমাষ্টকং সমাপ্তম্ ॥

আশীঃ প্রদানম্। অষ্টকং বিশিনষ্টি,—গৌরাঙ্গেতি। চৈতন্য-ধ্যান-সাচিব্য-কৃৎ ইত্যর্থঃ। কৃতিনং বিশিনষ্টি,—বিস্রম্ভেতি। বিশ্বাস-ভ্রাজমান-বিশুদ্ধবুদ্ধিঃ ইত্যর্থঃ। "বিস্রম্ভঃ কেলিকলহে বিশ্বাসে প্রণয়েঽপি চ" ইতি মেদিনী। পরিস্ফারা—বিস্তীর্ণা। অস্মিন্ পরস্মিন্ চ অষ্টকে শিখরিণীচ্ছন্দঃ; "রসৈ রুদ্রৈশ্ছিন্না যমনসভলাগঃ শিখরিণী" ইতি লক্ষণম্। ছন্দসি গণাশ্চ বোধ্যাঃ,—"সর্ব্বগুরুর্ম্মঃ কথিতো ভজসা গুর্ব্বাদিমধ্যান্ত্যাঃ। ছন্দসি নঃ সর্ব্বলঘুর্যরতা লঘ্বাদিমধ্যান্ত্যাঃ।।" ইতি বর্ণচ্ছন্দসি গণাঃ। "জ্ঞেয়াঃ সর্ব্বাদিমধ্যান্তগুরবোঽত্র চতুষ্কলাঃ। গণাশ্চতুর্লঘূপেতাঃ পঞ্চার্য্যাদিষু সংস্থিতাঃ।।" ইতি "মাত্রা ছন্দসি চ বোধ্যাঃ" ইতি ॥ ৯ ॥

এই 'অষ্টক' পাঠ করেন, তাঁহার পরমানন্দ স্বরূপ সেই শ্রীগৌরাঙ্গের নির্ম্মল চরণ-কমল-যুগলে—পাঠের সমকাল হইতেই প্রেমের লহরীর উপর প্রবল লহরী উঠিতে থাকুক ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবের প্রথম অষ্টক সমাপ্ত।

digitized at BRCindia.com

শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্ ।

অথ দ্বিতীয়াষ্টকম্ ।

কলৌ যং বিদ্বাংসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা-
দকৃষ্ণং কৃষ্ণাঙ্গং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিলচতুর্থাশ্রমজুষাং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ১ ॥

জগন্নাথক্ষেত্রাৎ মাতৃদর্শনার্থ গৌড়ম্ আগতস্য শ্রীচৈতন্যস্য গুণিন্ দ্বিতীয়ে অষ্টকে বর্ণনং,—'কলৌ' ইতি। স চৈতন্যাকৃতিঃ দেবঃ, নঃ—অস্মান্, কৃপয়তু—কৃপাবিষয়ান্ করোতু। চৈতন্যাকৃতিঃ—চিন্মূর্ত্তিঃ। "আকৃতিস্ত্রিষু স্ত্রিয়াং রূপে সামান্যবপুষোরপি" ইতি মেদিনীকারঃ। পক্ষে—চৈতন্যনাম্নী আকৃতিঃ যস্য সঃ শচীপুত্র ইত্যর্থঃ। দেবঃ—সর্ব্বারাধ্যঃ, পাষণ্ডিবিজিগীষুশ্চ। স কঃ?—ইত্যপেক্ষায়াম্ আহ,—বিদ্বাংসঃ—"কৃষ্ণবর্ণম্" (ভা ১১।৫।৩২) ইত্যাদি-বাক্যার্থ-তাৎপর্য্যজ্ঞাঃ। যং, কলৌ—চতুর্থযুগে, উৎকীর্ত্তনময়ৈঃ—সংকীর্ত্তনপ্রধানৈঃ, মখবিধিভিঃ—ভক্তিযজ্ঞৈঃ, স্ফুটং—সাক্ষাৎ, যজন্তে—অর্চ্চয়ন্তি। যং কীদৃশম্?—ইত্যাহ,—কৃষ্ণাঙ্গম্—ইন্দ্রনীলমণিশ্যামলাঙ্গম্ এব, দ্যুতিভরাৎ, অকৃষ্ণং—পীতং, "কৃষ্ণবর্ণং ত্বিষাহকৃষ্ণম্" ইত্যুক্তেঃ। যদ্যপি "ত্বিষাহকৃষ্ণম্" ইত্যুক্তেঃ শুক্ল-কপিশাদিবর্ণম্ অপি আয়াতি, তথাপি "আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোহনুযুগং তনূঃ। শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥" (ভা ১০।৮।১৩) ইতি শ্রীদশমে গর্গোক্তৌ পারিশেষ্যেণ পীতকান্তেঃ লাভাৎ উক্তং সুষ্ঠু। যং তাদৃশঃ বিদ্বাংসঃ, অখিলচতুর্থাশ্রমজুষাং—সর্ব্বপরিব্রাজকাম্, উপাস্যং—পূজ্যং, চ প্রাহুঃ—'সন্ন্যাসকৃৎ শমঃ শান্তো নিষ্ঠাশান্তি-

---

কলিযুগে পণ্ডিতমণ্ডলী সংকীর্ত্তন প্রধান ভক্তিযজ্ঞে যাঁহার সাক্ষাৎ আরাধনা করিয়া থাকেন। যিনি 'কৃষ্ণাঙ্গ'—ইন্দ্রনীলমণির মত শ্যামলাঙ্গ হইয়াও, 'দ্যুতিভরে'—

digitized at BRCindia.com

চরিত্রং তন্বানঃ প্রিয়মঘবদাহ্লাদনপদং
জয়োদ্ঘোষৈঃ সম্যগ্ বিরচিতশচীশোকহরণঃ।

পরায়ণঃ" (মহাভারতে, দানধর্ম্মে, শ্রীবিষ্ণুসহস্রনামস্তোত্রে ৬৩) ইতি যতিরাজং বদন্তি ইত্যর্থঃ ॥ ১ ॥

প্রিয়ং চরিত্রং তন্বানঃ—শান্তিপুরধাম্নি প্রতিরথ্যং প্রতিভক্ত-গৃহঞ্চ হরিকীর্ত্তনং বিস্তারয়ন্ ইত্যর্থঃ। চরিত্রং বিশিনষ্টি,—অঘবতাং—পাপিনাম্ অতিদুঃখযোগ্যানাম্, আহ্লাদনম্—আনন্দকরং, পদং স্থানম্, ইতি পতিতপাবনত্বম উক্তম্। দেবং বিশিনষ্টি,—জয়োদঘোষৈঃ—'জয়োঽস্তু পতিতোদ্ধারিণঃ কৃষ্ণস্য' ইত্যেবম্ উচ্চশব্দৈঃ বিরচিতং—কৃতং, স্ব-বিরহ-বিহ্বলায়াঃ, শচ্যাঃ—স্বমাতুঃ,

কান্তিসমূহে, 'অকৃষ্ণ'—পীত বর্ণ। * বিদ্বান্‌গণ যাঁহাকে সমস্ত 'চতুর্থাশ্রমসেবীর'—পরিব্রাজকবর্গের পূজ্য বলিয়া কীর্ত্তন করেন, সেই চৈতন্যাকৃতি † দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ১ ॥

যিনি [শান্তিপুরের পথে পথে—প্রতিভক্তের গৃহে গৃহে] 'অঘবৎ + আহ্লাদন-পদ'—পাপিগণের পাপনিবারক সুতরাং আনন্দবর্দ্ধক, শ্রীহরিকীর্ত্তনাত্মক প্রিয় চরিত্র

* "দ্যুতিভিরকৃষ্ণাঙ্গং কৃষ্ণং" এই পাঠই অনেকে বলিয়া থাকেন। অনেক শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থেও ঐ পাঠই দেখিতে পাওয়া যায়। কিন্তু শ্রীল বলদেব বিদ্যাভূষণ মহাশয়ের টীকা দেখিলে উক্ত পাঠ ভ্রান্ত বা কোন কারণে পরিবর্ত্তিত বলিয়াই বিবেচিত হয়। উল্লিখিত টীকাই আমাদের কথার যাথার্থ্য প্রমাণ করিবে। ৺রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয়ের মুদ্রিত সংস্করণের মূল শ্লোকে "অকৃষ্ণাঙ্গং কৃষ্ণং" পাঠ থাকিলেও টীকায় "অকৃষ্ণং কৃষ্ণাঙ্গং" পাঠেরই ব্যাখ্যা আছে। আমরা আপন ইচ্ছায় মূলে বা টীকার কোনরূপ পাঠ পরিবর্ত্তন করি নাই। আজকাল দেশের হাওয়া বড় মন্দ, তাই এত কথা বলিতে হইল।

† চৈতন্যাকৃতি—চিন্মূর্ত্তি বা চৈতন্য নামক আকৃতি বিশিষ্ট—অর্থাৎ শ্রীকৃষ্ণচৈতন্য নামে প্রসিদ্ধ শ্রীশচীনন্দন।

digitized at BRCindia.com

উদঞ্চন্মার্ত্তণ্ডদ্যুতিহরদুকূ… …টিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতি… …ঃ কৃপয়তু ॥ ২ ॥

শোকহরণং যেন সঃ। উদঞ্চন্… …ঃ, মার্ত্তণ্ডস্য—…, দ্যুতিং, হরতি—তিরস্করোতি, … …বৎ, দুকূলং—গৈরিক-বস্ত্রম্ অম্বরং, তেন … কটিঃ যস্য সঃ। পক্ষে অয়মেব ইন্দ্রকার্য্যার্থী বামনোঽভূৎ … …জ্যেষ্ঠত্বাৎ স্বভক্তত্বাচ্চ প্রিয়ো মঘবা—ইন্দ্রঃ … …আনন্দনং, পদং—ব্যবসায়ঃ, যস্য তৎ, চরিতং—বলিছলনং … …, তস্মাৎ। পৌ… …বদ্ধে সতি দেবকুলৈঃ জয়োদ্ঘোষি… …তং, শচ্যাঃ—ইন্দ্রপত্ন্যাঃ, শোকহরণং যেন সঃ। স দেব ই… …॥ ২ ॥

বিস্তার করিতেছেন। 'পতিত… …কৃষ্ণচন্দ্রের জয় হউক—জয় হউক'—এইরূপ ত… …ঘোষণা করিয়া যিনি—তাঁহার বিরহে কাতর প্রে… …ক সম্যক্ অপনোদন করিতেছেন। যাঁহার কটিদে… …প্রত তপনের দ্যুতি-বিড়ম্বি দুকূলে (অর্থাৎ লোহি… …গৈরিক বস্ত্রে) আচ্ছাদিত, সেই চৈতন্যাকৃতি দে… …আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন… …।

(১) শ্লোকটির একটা গূঢ় অর্থও … …যথা,—ইনিই দেবরাজ ইন্দ্রের কার্য্য সাধনের জন্য বামন হইয়াছিলেন … …জ্যেষ্ঠ ভ্রাতা এবং ভক্ত বলিয়া যিনি 'প্রিয়' এমন যে 'মঘবান্'—ইন্দ্র … …'আনন্দপদ'—প্রীতিপ্রদ—বলি নিগ্রহাদি চরিত্র বিস্তার করিয়াছেন … …বন্ধনপ্রাপ্ত হইলে পর, দেবকুল উচ্চস্বরে জয়ঘোষণা করিতে থা… …যিনি শচীর—ইন্দ্রাণীর শোক হরণ করিয়াছেন। সেই পার্থি… …চন্দ্রবিগ্রহ দেবতা আমাদিগের প্রতি অতিশয় কৃপা প্রকাশ করুন।

digitized at BRCindia.com

অপারং কস্যাপি প্রণয়িজনবৃন্দস্য কুতুকী
রসস্তোমং হৃত্বা মধুরমুপভোক্তুং কমপি যঃ।
রুচং স্বামাবব্রে দ্যুতিমিহ তদীয়াং প্রকটয়ন্
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু॥ ॥

অথ চতুর্থযুগাবতারঃ [illegible] "কলৌ ভক্তো ধর্মমূর্তিঃ" ইতি শ্রবণাৎ, অস্য [illegible] চৈতন্যস্য তদ্যুগাবতারস্য গৌরত্বং কুতঃ স্যাৎ,—'অপারং' ইতি। কস্য অপি প্রণয়িজন-বৃন্দস্য ব্রজাঙ্গনালক্ষণস্য স্নিগ্ধভক্তনিচয়স্য, কম্ অপি—অনির্বাচ্যং, মধুরং—শৃঙ্গারাপরপর্যায়ং, রসস্তোমং হৃত্বা, উপভোক্তুং—স্বয়ং অনুভবেন আস্বাদয়িতুং, স্বাং, রুচিং—দ্যুতিম্, আবব্রে—পিদধে। কিং কুর্বন্?—ইত্যাহ,—তদীয়াং—তস্য প্রণয়িজনস্য, দ্যুতিং, প্রকটয়ন্—উপরি প্রকাশয়ন্। অনেনেতি চৌরঃ স্বরূপম্ আবৃণোতি চোরবৎ ইতি প্রসিদ্ধমেতৎ। শ্রুতিবচনোক্তং সূচয়তি,—"যদা পশ্যঃ (২৮) পশ্যতে রুক্মবর্ণং কর্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিম্" (মুণ্ডকোপনিষদ ৩।১।৩) ইত্যাদিনা। এবং কিম্প্রকার?—তত্রাহ—'কুতুকী' ইতি—তাদৃশ ভাবাস্বাদে বিনোদবান্; "কৌতুকং নির্ভরঃ স্যাৎ কুতুকঞ্চ কুতূহলম্" ইতি অমরঃ। যদ্যপি উক্তরীত্যা প্রতিকলিযুগাবতারঃ শ্যামলঃ, তথাপি বৈবস্বতমন্বন্তরগতাষ্টাবিংশতিতম-চতুর্যুগীয়কলিকালে স্বয়ং ভগবান্ কৃষ্ণ এব স্বপ্রেয়স্যাঃ শ্রীরাধিকায়াঃ কান্তিলাবণ্যাং স্বকান্তিমাবৃত্য সঃ প্রাদুর্ভবন্ অন্ততাবেতি শ্রীকৃষ্ণঃ; "কৃষ্ণবর্ণং" ইত্যাদেঃ, "আসন্ বর্ণাস্ত্রয়ঃ" ইত্যাদেশ্চ। এবম্

[আপন স্বরূপ গোপনই চোরের স্বভাব।] এই কলিযুগে যিনি কৌতূহলপরবশ হইয়া কোন প্রণয়িজন-বৃন্দের ব্রজাঙ্গনালক্ষণ স্নেহময় ভক্তনিচয়ের, কোন অনির্ব্বচনীয় মধুর রস-রাশি অপহরণ পূর্ব্বক উপভোগ

digitized at BRCindia.com

অনারাধ্যঃ প্রীত্যা চিরমসুরভাবপ্রণয়িনাং
প্রপন্নানাং দৈবীং প্রকৃতিমধিদৈবং ত্রিজগতি ।
অজস্রং যঃ শ্রীমান্ জয়তি সহজানন্দমধুরঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৪ ॥

স্বভক্তপ্রীত্যৈব "ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্" (ভা ৭।৯।৩৮) ইতি প্রহ্লাদোক্তিশ্চ উপপদ্যেত ॥ ৩ ॥

নন্বেবং শ্রীচৈতন্যস্য সাক্ষাৎ ঈশ্বরত্বে নির্ণীতেঽপি কেচিৎ তদ্দেশবাসিনো বিপ্রাঃ তস্মিন্ যতিভাবকৃতপ্রীতিমন্তোঽপি কুতঃ তথাত্বং ন জগৃহুঃ? —তত্রাহ,—'অনারাধ্যঃ' ইতি। অসুরভাব-প্রণয়িনাম্—আসুরপ্রকৃতীনাং তামসদেবতাভক্তিভাজাং, চিরং তাদৃক্ প্রীত্যা অপি, অনারাধ্যঃ—সাক্ষাৎ ঈশ্বরত্বেন অগ্রাহ্যঃ। দৈবীং প্রকৃতিং প্রপন্নানাং তু, অধিদৈবম্—আরাধ্যদেবঃ, সন্ যঃ অজস্রং জয়তি, তদ্দেশবাসিনাম এব সাত্ত্বিকপ্রকৃতীনাং বহূনাং তথাত্বেন স গ্রাহ্য ইত্যর্থঃ। ত্রিজগতি—ত্রিলোক্যাং, নতু এক-স্মিন্নেব ভূমণ্ডলে ইত্যর্থঃ। শ্রীমান্—লক্ষ্মীপতিঃ। "দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুর-

করিবার নিমিত্ত তাঁহাদিগেরই কান্তি উপরে প্রকাশ করিয়া আপনার কান্তিকে আচ্ছাদিত করিয়াছেন, সেই চৈতন্যা-কৃতি দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৩ ॥

[এ সংসারে দুই প্রকার প্রকৃতির লোক আছে, —দৈবী এবং আসুরী।] যাহারা অসুর ভাব প্রণয়ী—আসুর প্রকৃতির অনুগত, সুতরাং সেই প্রকৃতির প্রেরণায় যাহারা তামস দেবতায় ভক্তিমান্, তাহাদের চির-সঞ্চিত সেই প্রীতি ভক্তিতেও যিনি 'অনারাধ্য'—ঈশ্বর বলিয়া গ্রহণীয় হন না। কিন্তু যাঁহারা দৈবী প্রকৃতির অনুগত,

digitized at BRCindia.com

গতির্যঃ পুণ্ড্রাণাং প্রকটিতনবদ্বীপমহিমা
ভবেনালংকুর্ব্বন্ ভুবনমহিতং শ্রোত্রিয়কুলম্ ।

গুণবিপর্যাসঃ ॥ ইতি বিষ্ণুধর্ম্মাৎ। তথাচ কৈশ্চিত্তপাদেঽগৃহীতেঽপি ন কাপি ক্ষতিরিতি ॥ ৪ ॥

গতিরিতি। নবদ্বীপস্য দক্ষিণতঃ কুলীনগ্রামোপান্তে পুণ্ড্রো নাম দেশঃ, তদ্বাসিনাং পৌণ্ড্রানাং যো দেবঃ, গতিঃ—সাধ্য-সাধন-ভূতঃ নিস্তারক ইত্যর্থঃ। তদ্দেশ্যাঃ সর্ব্বে তং সাক্ষাৎ ঈশ্বরত্বেন ভেজুরিতি ভাবঃ। সঃ কীদৃক্ ?—ইত্যাহ,—প্রকটিতেতি। গঙ্গাদেব্যাঃ বিহারস্থানং চ অলঙ্কৃতস্যাপি প্রাকৃতদেশ উচ্চমানস্য নবদ্বীপস্য তত্র প্রাদুর্ভূতেন যেন মহিমা প্রকটিতঃ। 'বৃন্দাবনস্য প্রকাশবিশেষোঽয়ম্' ইতি পুণ্ড্রাণাং ভক্তেষু প্রকাশিতেত্যর্থঃ

তাঁহাদের আরাধ্য দেবতারূপে যিনি ত্রিভুবনে বিশেষরূপে জয়যুক্ত হইতেছেন। সেই 'শ্রীমান্'—লক্ষ্মীকান্ত এবং 'সহজানন্দমধুর'—স্বাভাবিক আনন্দে মনোজ্ঞমূর্ত্তি, চৈতন্যাকৃতি দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৩ ॥

যিনি পুণ্ড্রগণের * 'গতি'—নিস্তারকর্ত্তা। অর্থাৎ পুণ্ড্রদেশবাসিগণ সকলেই যাঁহাকে সাক্ষাৎ ঈশ্বররূপে উপাসনা করিয়াছিলেন। শ্রীধাম নবদ্বীপে প্রাদুর্ভূত হইয়া যিনি তথাকার মহিমা প্রকট করিয়াছেন, অর্থাৎ 'এই নবদ্বীপ শ্রীবৃন্দাবনেরই প্রকাশবিশেষ'—আপন আবির্ভাব-দ্বারা ভক্তজনের হৃদয়ে যিনি এইভাবে শ্রীধাম নবদ্বীপের

* শ্রীধাম নবদ্বীপের দক্ষিণদিকে 'পুণ্ড্র' নামক দেশ। সেই দেশবাসী গোপজাতিবিশেষ এখানে 'পুণ্ড্র' নামে অভিহিত হইয়াছে।

digitized at BRCindia.com

পুনাত্যঙ্গীকারাদ্ভুবি পরমহংসাশ্রমপদং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৫ ॥
মুখেনাগ্রে পীত্বা মধুরমিহ নামামৃতরসং
দৃশোর্দ্বারা যস্তং বমতি ঘনবাষ্পাম্বুমিষতঃ ।

যঃ, শ্রোত্রিয়কুলং—বৈদিকবিপ্রবংশং, ভবেন—স্বজন্মনা, অলং-কুর্ব্বন্—ভূষয়ন্, পরমহংসাশ্রমপদং—সন্ন্যাসচিহ্নম্, অঙ্গীকারাৎ স্বীকৃত্য পুনাতি। নহি তস্য সন্ন্যাসগ্রহণে কিঞ্চিৎ ফলং, কিন্তু ভক্তিসাংকরণেন তৎপবিশুদ্ধিরেবেতি ॥ ৫ ॥

ভাবমগ্নতাং বর্ণয়ন্ বিশিনষ্টি,—মুখেনেতি। অগ্রে—প্রথমং, মধুরং নামামৃতরসং, মুখেন—আস্যেন, যঃ পীত্বা, ঘনবাষ্পাম্বুমিষতঃ—নিবিড়-নয়ন-জল-চ্ছলেন, দৃশোঃ দ্বারা, তং—নামামৃতরসং, বমতি—উদ্গিরতি। কিমর্থম্?—ইত্যপেক্ষায়াং,—ভুবি—পৃথিব্যাং, প্রেম্ণঃ,

---

পূজ্যতা প্রকাশ করিয়াছেন। জন্ম-গ্রহণদ্বারা যিনি ভুবনবন্দিত বৈদিক বিপ্রবংশকে বিভূষিত করিয়া—সন্ন্যাস-চিহ্নকে অঙ্গীকার দ্বারা পবিত্র করিয়াছেন অর্থাৎ তাঁহার সন্ন্যাস গ্রহণের কোন প্রয়োজন ছিল না, কিন্তু ভগবদ্ভক্তির সহিত সম্মিলিত করিয়া দিয়া উক্ত আশ্রমকে বিশুদ্ধ করাই উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্য সাধনের জন্যই যিনি পবিত্র ব্রাহ্মণ-শরীর পরিগ্রহণ পূর্ব্বক সন্ন্যাস গ্রহণ করিয়াছেন। সেই চৈতন্যাকৃতি দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৫ ॥

যিনি এই পৃথিবীতে প্রেমের তত্ত্ব পরিচিত করিবার নিমিত্ত, মধুর নামামৃতরস অগ্রে মুখ দ্বারা পান করিয়া, পরে নিবিড় নয়ন-জলের ছলে নয়নদ্বার দিয়া [নীরবে]

digitized at BRCindia.com

ভুবি প্রেম্ণস্তত্ত্বং প্রকটয়িতুমুল্লাসিততনুঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৬ ॥

তত্ত্বং—স্বরূপং, প্রকটয়িতুং—বোধয়িতুম্; "তত্ত্বং বাদাপ্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনি" ইতি বিশ্বঃ। ভগবন্নামকীর্ত্তনমেব তৎ প্রেমা ভবেদিতি বোধনাদিত্যর্থঃ। ন চ জুগুপ্সাশ্লীলমিদং 'বমতি'-পদং, গৌণবৃত্তিতাশ্রয়ত্বে অশ্লীলানঙ্গীকারাৎ। অপহ্নুতিরলঙ্কারঃ,—প্রকৃতং নামামৃতবমনাদিভাবম্ অশ্রু প্রতিষেধ্য তস্য তত্ত্বসমর্পণেন স্থাপনাৎ। "প্রকৃতং প্রতিষিধ্যান্যৎ স্থাপ্যতে সা ত্বপহ্নুতিঃ" ইতি তল্লক্ষণাৎ ॥ ৬ ॥

তাহাকে বমন করিতেছেন, সেই প্রেমপুলকিত-বিগ্রহ চৈতন্যাকৃতি দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৬ ॥ [১]

(১) প্রেমের স্বরূপ অনির্ব্বচনীয়,—প্রাকৃত ভাষায় তাহার বর্ণনা হয় না। তবে হয় কিসে,—কোন্ ভাষায়? হয়, ভাব-বিভোর ভক্তের পুলকিত অঙ্গে এবং অপাঙ্গের অশ্রুতরঙ্গে। নীরব অশ্রু-ভাষাতেই প্রেমের পরিচয় প্রদত্ত হইয়া থাকে। প্রেমময় প্রভু আমার প্রাণ ভরিয়া নামসুধা পান করিয়া বিভোর হইয়াছেন, অনর্গল প্রেমের জল নয়ন দিয়া গড়াইয়া পড়িতেছে; সকল শরীর পুলককদম্বে ছাইয়া গিয়াছে;—আর এই নীরব ভাষাতেই তিনি জগতে প্রেমের স্বরূপ প্রকাশ করিতেছেন। ঘনীভূত ভাবই হইল—প্রেম। সেই প্রেমের পরিচয় ভাবের বিকাশ ব্যতীত প্রদত্ত হইতে পারে কি? তুমি ঐ ভাবাবেশময় প্রভুকে দেখ। যদি যথার্থ দর্শন সামর্থ্য থাকে, ভাল করিয়া দেখ,—কেবল নয়ন দিয়া নয়, মন দিয়া প্রাণ দিয়া সকল ইন্দ্রিয় দিয়া—সকল হৃদয়ের সহিত আপনাকে এক করিয়া দেখ। দেখিবে কি? দেখিবে,—শ্রীপ্রভুর শ্রীঅঙ্গ ও শ্রীঅশ্রুপ্রবাহ তোমাকে নীরব সম্ভাষণে বলিতেছেন,—ভাইরে, 'প্রেম আর কিছুই নয়, কপটতা ছাড়িয়া তুমি আমার মত প্রাণ ভরিয়া শ্রীহরির নাম পান কর, সেই নামের গুণে যখন তোমার মন প্রাণ গলিয়া নয়নদ্বার দিয়া বাহির হইয়া পড়িবে,—সকল শরীর রোমাঞ্চে পরিপূরিত হইবে, তখনই তুমি আপনা আপনি প্রেমের স্বরূপ বুঝিতে পারিবে। এই প্রাণগলানো—চোখভাসানো নাম কীর্ত্তনই হইতেছে 'প্রেম'—প্রেমের একটি মূর্ত্তি বা প্রেমের প্রধান পরিচায়ক।

digitized at BRCindia.com

তনুমাবিষ্কুর্ব্বন্ নবপুরটভাসং কটিলসৎ-
করঙ্কালঙ্কারস্তরুণগজরাজাঞ্চিতগতিঃ।
প্রিয়েভ্যো যঃ শিক্ষাং দিশতি নিজনির্ম্মাল্যরুচিভিঃ
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৭ ॥

তীর্থাত্তে ব্রজন্তং বর্ণয়ন্ বিশিনষ্টি,—তনুমিতি। নবম্—দাহোত্তীর্ণম্, পুরটম্—সুবর্ণম্, ইব ভাঃ যস্যাঃ তাং, তনুং—মূর্ত্তিম্, আবিষ্কুর্ব্বন—প্রদর্শয়ন্। পথিকত্বে হি সর্ব্বেষাং তদ্দর্শনং স্যাৎ, ইতি কারুণিকত্বং ব্যঞ্জম্। কটৌ বদ্ধতয়া লসন্, করঙ্কালঙ্কারঃ—নারিকেলফলাস্থিরচিতম্ অম্বুপাত্রং যস্য সঃ; "নারিকেলাস্থি করঙ্কঃ" ইতি হৈমঃ। নিজাঃ—স্বকীয়াঃ, নির্ম্মাল্যেষু—ভগবৎপ্রসাদেষু মালাদিষু, যাঃ, রুচয়ঃ—অভিপ্রীতয়ঃ, তাভিঃ, প্রিয়েভ্যঃ—স্বভক্তেভ্যঃ, শিক্ষাং যঃ দিশতি—'ভবদ্ভিঃ এবমেব তেষু আদরো বিধেয়ঃ' ইতি শিক্ষয়তীত্যর্থঃ ॥ ৭ ॥

[পথে গমন করিলে সকলেই আমাকে দেখিতে পাইবে, এইভাবে যিনি করুণা করিয়া তীর্থযাত্রায় চলিয়াছেন।] তৎকালে যিনি অগ্নিশুদ্ধ সুবর্ণের ন্যায় সমুজ্জ্বল শ্রীমূর্ত্তি আবিষ্কৃত করিয়াছেন। যাঁহার কটিতে নারিকেলমালার জলপাত্র অলঙ্কারের মত শোভা পাইতেছে। যুবক গজরাজের মত যিনি ভাবভরে হেলিয়া দুলিয়া চলিয়াছেন। [তীর্থপথে দেবালয়ে দেবালয়ে] শ্রীভগবানের প্রসাদ ও মাল্যাদি নির্ম্মাল্যে অনুরাগ দেখাইয়া যিনি আপন প্রিয়বর্গকে—"তোমরাও এইরূপে ভগবন্নির্ম্মাল্যে আদর করিও"—এইরূপ শিক্ষা প্রদান করিতেছেন, সেই চৈতন্যাকৃতি দেবতা আমাদিগের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৭ ॥

digitized at BRCindia.com

স্মিতালোকঃ শোকং হরতি জগতাং যস্য পরিতো
গিরান্তু প্রারম্ভঃ কুশলপটলীং পল্লবয়তি ।
পদালম্বঃ কংবা প্রণয়তি নহি প্রেমনিবহং
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥ ৮ ॥

শচীসূনোঃ কীর্ত্তিস্তবকনবসৌরভ্যনিবিড়ং
পুমান্ যঃ প্রীতাত্মা পঠতি কিল পদ্যাষ্টকমিদম্ ।

নিখিলকল্যাণকরত্বং বর্ণয়ন্ বিশিনষ্টি —স্মিতেতি । যস্য, স্মিতালোকঃ—স্মিতপূর্ব্বকঃ কৃপাকটাক্ষঃ, জগতাং —তদ্বর্ত্তিপ্রাণিনাং, শোকং হরতি । যস্য, গিরাং তু প্রারম্ভঃ—সম্ভাষণোপক্রমঃ, জগতাং, কুশলপটলীং—কল্যাণসংহতিং, পল্লবয়তি—বিস্তারয়তি । যস্য, পদালম্বঃ—চরণাশ্রয়ণং, কংবা জনং, প্রেমনিবহং—কৃষ্ণপ্রেমসম্পত্তিং ন প্রণয়তি ?—অপিতু সর্ব্বং জনং তং প্রাপয়তীত্যর্থঃ ॥ ৮ ॥

অষ্টকপাঠফলমাহ,—শচীতি । যঃ পুমান্ ইদং শচীসূনোঃ পদ্যাষ্টকং পঠতি এতং—জনং, স লক্ষ্মীবান্—শচীসুতঃ, অঙ্ঘ্রিপদং—

যাঁহার মৃদু মধুর-হাস্য মাখা কৃপা-কটাক্ষ জগদ্বাসি-জনগণের সকল প্রকার শোক হরণ করিয়া থাকে। যাঁহার বাক্যের প্রারম্ভ (সম্ভাষণের উপক্রম) জগতের কল্যাণরাশি বিস্তার করিয়া দেয়। যাঁহার শ্রীচরণের আশ্রয় গ্রহণ কোন্ ব্যক্তিকে প্রচুর কৃষ্ণ-প্রেমের অধিকারী না করে ?—অর্থাৎ উচ্চ নীচ পণ্ডিত মূর্খ—সকলকেই সমভাবে কৃষ্ণপ্রেমের অধিকারী করে। সেই চৈতন্যাকৃতি দেবতা আমাদের প্রতি অতিশয় করুণা বিস্তার করুন ॥ ৮ ॥

যে মানব আন্তরিক প্রীতি সহকারে শ্রীশচীনন্দনের এই পদ্যাষ্টক—যাহাতে তাঁহার কীর্ত্তি-কুসুম-গুচ্ছের অভি-

digitized at BRCindia.com

স লক্ষ্মীবানেতং নিজপদসরোজে প্রণয়িতাং
দদানঃ কল্যাণীমনুপদমবাধং সুখয়তু ॥ ৯ ॥

ইতি শ্রীচৈতন্যদেবস্য দ্বিতীয়াষ্টকং সমাপ্তম্ ॥

সদা, সুখয়তু। কিং কুর্ব্বাণঃ সন্?—ইত্যাহ,—নিজপদসরোজে, প্রণয়িতাং—প্রীতিং, দদানঃ সন্। স্ফুটার্থম্ অন্যৎ ॥ ৯ ॥

নব সৌরভ উছলিয়া উছলিয়া পড়িতেছে—এই পদ্যাষ্টক পাঠ করেন, লক্ষ্মীনায়ক সেই শচীতনয় তাঁহাকে আপন চরণকমলে কল্যাণজননী প্রীতি প্রদান পূর্ব্বক, সর্ব্বদা বাধাবিহীন সুখের অধিকারী করুন ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবের দ্বিতীয় অষ্টক
সমাপ্ত হইল ॥

digitized at BRCindia.com

শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্।

অথ তৃতীয়াষ্টকম্।

উপাসিতপদাম্বুজস্ত্বমনুরক্তরুদ্রাদিভিঃ
প্রপদ্য পুরুষোত্তমং পদমদভ্রমুদ্ভ্রাজিতঃ।
সমস্তনতমণ্ডলীস্ফুরদভীষ্টকল্পদ্রুমঃ
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্॥১॥

অথ পুরুষোত্তমক্ষেত্রে বিরাজমানং চৈতন্যদেবং বর্ণয়ন্ স্তৌতি,—উপাসিতেত্যাদিভিঃ। হে শচীসুত! হে প্রভো! হে মুকুন্দ! ত্বং মন্দে ময়ি কৃপাং কুরু। কীদৃশঃ ত্বম্?—তত্রাপেক্ষা আহ,—অনুরক্তৈঃ—আচার্য্যাদিরূপতয়া স্থিতৈঃ রুদ্রাদিভিঃ, উপাসিতে পদাম্বুজে যস্য সঃ। পুরুষোত্তমং, পদং—স্থানং—ক্ষেত্রং, প্রপদ্য—প্রাপ্য, উদ্ভ্রাজিতঃ—বিদ্যোতমানঃ। অদভ্রং—শ্রেষ্ঠম্। যদ্বা, পুরুষোত্তমং—জগন্নাথং, পদং—বস্তু, প্রপদ্য—তৎপ্রপত্তিং কৃত্বা, উদ্ভ্রাজিতঃ—[illegible] নতমণ্ডলী—স্বভক্তগণঃ। "মণ্ডলঃ পুরিধৌ কুক্কুরে দেশে দ্বাদশরাজকে। ক্লীবেহথ নিবহে বিম্বে ত্রিষু পুংসি তু কুক্কুরে॥" ইতি মেদিনীকারঃ। ১॥

ওহে শচীনন্দন! রুদ্রাদি দেবতা আচার্য্যাদিরূপে অনুরাগভরে তোমার চরণসরোজের সেবা করিয়া থাকেন। শ্রেষ্ঠ শ্রীপুরুষোত্তমক্ষেত্রকে লাভ করিয়া (অথবা পুরুষোত্তম শ্রীজগন্নাথকে আশ্রয় করিয়া) তুমি সমধিক শোভাসম্পন্ন হইয়াছ। সমস্ত ভক্তমণ্ডলীর সমক্ষে তুমি সর্ব্বাভীষ্টপ্রদ কল্পতরু রূপে স্ফূর্ত্তি পাইয়া থাক। প্রভু হে—মুকুন্দ হে, আমি অতি মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর॥১॥

digitized at BRCindia.com

নু বর্ণয়িতুমীশতে গুরুতরাবতারায়িতা
ভবন্তমুরুবুদ্ধয়ো ন খলু সার্ব্বভৌমাদয়ঃ।
পরো ভবতু তত্র কঃ পটুরতো নমস্তে পরঃ
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্॥ ২॥

প্রভোঃ স্তবে স্বস্য অসামর্থ্যং দর্শয়নাহ,—'নু' ইতি। হে শচীসুত! সার্ব্বভৌমাদয়োঽপি ভবন্তং, বর্ণয়িতুং—স্তোতুং, ন ঈশতে—সমর্থা ন ভবন্তি; কীদৃশাঃ তে?—ইত্যাহ,—গুরুতরাঃ-সর্ব্বমুনি-গুরবঃ চ তে, অবতারাঃ চ—দত্তাত্রেয়-বাদরায়ণাদয়ঃ, তে ইব আচরন্তি ইতি 'গুরুতরাবতারায়িতাঃ'; কর্ত্তৃক্যঙন্তাৎ কর্ত্তরি ক্তঃ। উরুবুদ্ধয়ঃ—অতিসূক্ষ্মধিয়ঃ। তাদৃশোঽপি যদ্বর্ণনে ন ক্ষমাঃ, তত্র, পরঃ—অন্যঃ, পটুঃ—নিপুণঃ, কো ভবেৎ? ন কোঽপীতি ভাবঃ। অতঃ সর্ব্বাবরস্য বুদ্ধিহীনস্য মে, তে—তুভ্যং, পরং—কেবলং, নমঃ অস্তু, ন তু বর্ণনোদ্যমঃ ইতি ভাবঃ॥ ২॥

ওহে শচীনন্দন! যাঁহারা সর্ব্ব মুনিবৃন্দের গুরু এবং অবতার, সেই দত্তাত্রেয় বেদব্যাসাদির মত বিশুদ্ধ ও সূক্ষ্ম-বুদ্ধি সম্পন্ন সার্ব্বভৌমভট্টাচার্য্য প্রভৃতি মনীষিগণ তোমাকে বর্ণনা করিতে—তোমার স্তব করিতে যখন সমর্থ হন না, তখন সে বিষয়ে অপর কেই বা সমর্থ হইবে? সুতরাং মহা অধম মহা বুদ্ধিহীন আমার কেবল তোমার উদ্দেশে প্রণামই হউক, বর্ণনা প্রয়াসে প্রয়োজন নাই। প্রভু হে,—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর॥ ২॥

digitized at BRCindia.com

ন যৎ কথমপি শ্রুতাবুপনিষদ্ভিরপ্যাহিতং
স্বয়ঞ্চ বিবৃতং ন যদ্গুরুতরাবতারান্তরে।
ক্ষিপন্নসি রসাম্বুধে! তদিহ ভক্তিরত্নং ক্ষিতৌ
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্॥৩॥

নন্ন তাদৃশাস্তে তদর্পণে কুতঃ অক্ষমাঃ?—তত্রাহ,—ন যদিতি। শ্রুতৌ—বেদে, শিরোভূতাভিঃ উপনিষদ্ভিঃ, যৎ—ভক্তিরত্নং, কথম্ অপি, কেন অপি—ভক্তিস্বরূপপ্রকাশকেন প্রকারেণ, ন আহিতং—ন অর্পিতং, ন বর্ণিতম্ ইত্যর্থঃ। তা হি—"শ্রদ্ধা-ভক্তি-ধ্যানযোগাদবেহি" (কৈবল্য।২) "যস্য দেবে পরা ভক্তিঃ" (শ্বেতাশ্বতর ৬।২৩), "ভক্তিরস্য ভজনম্" (গোপালতাপনী, পূর্বভাগ।১৪), ইত্যাদিভিঃ সূচিতবৎ তদবস্থাপয়ন্তীতি ভাবঃ। স্বয়ংভগবতা শ্রীকৃষ্ণেন চ, যৎ—ভক্তিরত্নং, গুরুতরাবতারান্তরে—দত্তাত্রেয়-ব্যাসাদি-প্রাদুর্ভাবমধ্যে, ন বিবৃতম্; কর্মযোগয়োঃ অদ্বৈতজ্ঞানয়োশ্চ অন্তরায়ত্বোক্তেঃ। তদাভ্যাম্ গুপ্তভক্তেবিবৃতানাত্বাৎ। তৎ ত্বম্ ইহ ক্ষিতৌ রাজরাশিমিব ক্ষিপন্নসি। বেদেন ভগবতা চ গোপিতানি ভক্তিরত্নানি এবং বিকিরতঃ তে মহোদারস্য বর্ণনং সর্বদুঃশকমিতি ভাবঃ। এবম্ উক্তং—"ক্ব সা নিরঙ্কুশকৃপা ক্ব তদৈবতমদ্ভুতম্। ক্ব সা বৎসলতা গৌরে! যাদৃশ্ গৌরে তবা-ত্মনি॥" ইতি প্রবোধানন্দঃ॥ ৩ ॥

ওহে শচীনন্দন! বেদে কিংবা তাহার শিরোভাগ উপনিষদে যে ভক্তিরত্নের কথা—যাহাতে সকলে গ্রহণ করিতে পারে এমন কোন একটা প্রকারেও বর্ণিত হয় নাই; স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণও দত্তাত্রেয় ব্যাস প্রভৃতি গুরুতর অবতারে যে ভক্তিরত্ন প্রকাশ করেন নাই; রস-সাগর শ্রীগৌরাঙ্গ হে! ভাবোদ্বেল তুমি সেই ভক্তিরত্ন ধরণীর

digitized at BRCindia.com

নিজপ্রণয়বিস্ফুরন্নটনরঙ্গবিস্মাপিত-
ত্রিনেত্র ! নতমণ্ডলপ্রকটিতানুরাগামৃত ! ।
অহঙ্কৃতিকলঙ্কিতোদ্ধতজনাদিদুর্ব্বোধ হে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাম্ ॥৪॥

নিজেতি—ত্রীণ্যত্র সম্বুদ্ধ্যন্তানি। নিজে—স্বস্মিন কৃষ্ণাখ্যনি, যঃ, প্রণয়ঃ—ভাববিশেষঃ, তেন, বিস্ফুরৎ—উদয়মানং যৎ নটনং, তত্র যঃ, রঙ্গঃ—আশ্চর্য্যতাজ্ঞানং, তেন বিস্মাপিতঃ, ত্রিনেত্রঃ—শিবঃ—তদবতারোঽদ্বৈতাচার্য্যঃ, যেন, হে তথাভূত ! । "রঙ্গঃ স্যাদদ্ভুতজ্ঞানে রঙ্গমেঙ্গিতয়োরপি" ইতি বিশ্বঃ। "অহঙ্কৃতিঃ—আভিজাত্য-পাণ্ডিত্যাদি-হেতুকঃ অভিমানঃ, তেন, কলঙ্কিতাঃ—লাঞ্ছিতাঃ, যে উদ্ধতজনাঃ, তৈঃ দুর্ব্বোধ হে শচীসুত !। "কলঙ্কাঙ্কৌ লাঞ্ছনঞ্চ চিহ্নং লক্ষ্ম চ লক্ষণম্" ইতি অমরঃ। "অহঙ্কার-বিমুক্তানাং কেশবো নহি দূরগঃ। অহঙ্কারযুতানান্তু মধ্যে পর্ব্বতকোটয়ঃ ॥" ইতি স্মৃতেঃ। স্ফুটম্ অন্যৎ ॥ ৪ ॥

চারিধারে ছড়াইয়া ফেলিতেছ। প্রভু হে,—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৩ ॥

ওহে শচীনন্দন ! তোমার আপনার প্রতি—স্বকীয় স্বরূপ শ্রীকৃষ্ণের প্রতি যে 'প্রণয়'—ভাববিশেষ, তাহাতে যে নর্ত্তনের তরঙ্গ উত্থিত হইতেছে, তাহা মহা রঙ্গে ভরা—সে যেন কি এক আশ্চর্য্যভাবে মাখানো। সেই রঙ্গ দেখাইয়া তুমি 'ত্রিনেত্র'—শঙ্করাবতার শ্রীঅদ্বৈতাচার্য্য-প্রভুকেও বিস্ময় নিমগ্ন করিয়াছ। প্রণত ভক্তমণ্ডলীর প্রতি তুমি অনুরাগের অমৃতধারা বর্ষণ করিয়া থাক। আর, যাহারা সৎকুল-পাণ্ডিত্য ধনাদির অভিমানে আত্মহারা, সেই সকল উদ্ধত ব্যক্তির তুমি দুর্ব্বোধ,—তাহারা তোমায়

digitized at BRCindia.com

ভবন্তি ভুবি যে নরাঃ কলিততুচ্ছকুলোৎপত্তয়-
স্ত্বমুদ্ধরসি তানপি প্রচুরচারুকারুণ্যতঃ।
ইতি প্রমুদিতান্তরঃ শরণমাশ্রিতস্ত্বামহং
শচীসুত! ময়ি প্রভো কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্ ॥৫॥
মুখাম্বুজপরিস্খলন্মৃদুলবাঙ্মধূলীরস-
প্রসঙ্গজনিতাখিলপ্রণতভৃঙ্গরঙ্গোৎকর!।

ননু মন্দে ত্বয়ি মৎকৃপা কথং স্যাৎ ?—তত্রাহ—ভবন্তীতি। যে নরা ভুবি, কলিত-তুচ্ছকুলোৎপত্তয়ো ভবন্তি—তুচ্ছকুলোৎপত্তি-ভাজো বর্ত্তন্তে, তান্ অপি—তুচ্ছকুলীনত্বাৎ পাপাচারান, ত্বং সমুদ্ধরসি। কুতো হেতোঃ ?—ইত্যাহ,—প্রচুরেতি। কমনীয়কৃপা-নির্ভরাৎ ইত্যর্থঃ। যত এবম্, অতঃ ত্বম্ অহং, প্রমুদিতান্তরঃ—প্রহৃষ্ট-চিত্তঃ সন্, শরণম্, আশ্রিতঃ—প্রাপ্তোঽস্মি। তাদৃশস্যাপি মে নিস্তারো ভাবীতি ॥ ৫ ॥

মুখেত্যত্র সম্বোধনদ্বয়ম্। মুখাম্বুজাৎ পরিস্খলন্—ক্ষরন্, যঃ, মৃদুল-বাঙ্মধূলী-রসঃ—কোমল-বাণী-মকরন্দ দ্রবঃ, তস্মিন্ যঃ,

বুঝিতে পারে না, তাঁহাদের সমক্ষে তোমার প্রকৃত স্বরূপ প্রচ্ছন্ন থাকে। প্রভু হে—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৪ ॥

ওহে শচীনন্দন! এই পৃথিবীতে যে সকল মানব মহা নীচ কুলে জন্মগ্রহণ করিয়াছে, সুতরাং মহা পাপাচারে প্রবৃত্ত রহিয়াছে, দেখিতে পাই, তোমার সেই অবিরল অনর্গল কমনীয় কৃপা-প্রভাবে তুমি তাহাদিগকেও উদ্ধার করিয়া থাক। এই কারণেই আমি আনন্দিতচিত্তে তোমার শরণ গ্রহণ করিতে অগ্রসর হইয়াছি। প্রভু হে,—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৫ ॥

digitized at BRCindia.com

সমস্তজনমঙ্গলপ্রভবনামরত্নাম্বুধে !
শচীসুত ! ময়ি প্রভো ! কুরু মুকুন্দ ! মন্দে কৃপাম্ ॥৬॥
মৃগাঙ্কমধুরানন ! স্ফুরদনিদ্রপদ্মেক্ষণ !
স্মিতস্তবকসুন্দরাধর ! বিশঙ্কটোরস্তট ! ।

প্রসঙ্গঃ—গাঢ়াসক্তিঃ, তেন জনিতঃ অখিলানাং প্রণত-ভৃঙ্গাণাং, রঙ্গোৎকরঃ—বিস্ময়-জ্ঞান-নির্ভরঃ, যেন, হে তথাভূত ! । সমস্তানাং—নানাবিধানাং, জন-মঙ্গলানাং প্রভবো যেভ্যঃ, তথাভূতানাং নাম-রত্নানাম্ অম্বুধে হে শচীসুত ! ॥ ৬ ॥

রূপং নিরূপয়ন্ সম্বোধয়তি —মৃগাঙ্কেতি । মৃগাঙ্কঃ—চন্দ্রঃ, তদ্বৎ, মধুরম্—আহ্লাদ-প্রকাশাভ্যাং রুচিরম্, আননং—মুখং, যস্য, হে তাদৃশ ! । স্ফুরন্তী—বিরাজন্তী, যে অনিদ্রে—প্রফুল্লে, পদ্মে, তে

ওহে শচীনন্দন ! ভৃঙ্গের রঙ্গ পদ্মমধুর প্রসঙ্গে । তোমার মুখকমল হইতে রসরূপে যে কোমল কথামধু ক্ষরিত হইতেছে, প্রণত ভক্তভৃঙ্গগণ আসক্তি সহকারে তাহা পান করিয়া করিয়া প্রচুর রঙ্গ পাইতেছেন, আর বিস্ময়ে বিস্ময়ে অভিভূত হইতেছেন,—প্রাণেপ্রাণে কেবলই বলেন—আহা আহা কি চমৎকার !—কি চমৎকার ! কেবল তাহাই নহে, তুমি আবার সকল শ্রেণীর সকল লোকের পরম মঙ্গলের আকর নামরত্নের রত্নাকর ।* প্রভু হে—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৬ ॥

ওহে শচীনন্দন ! কি দিব্য জ্যোতিতে কি আহ্লাদরূপে—তোমার মুখমণ্ডল চন্দ্রমণ্ডলেরই সদৃশ সুমধুর ।

* অর্থাৎ তোমার মুখের সদুপদেশ শুনিয়া তোমার তত্ত্বজ্ঞ অনুগত ভক্তের যেমন আনন্দ, আবার তোমার মুখের নামগান শুনিয়া ভক্ত-অভক্ত উচ্চ-নীচ—সকলেরই তেমনি পরম কল্যাণ।

digitized at BRCindia.com

ভুজোদ্ধৃতভুজঙ্গমপ্রভ! মনোজকোটিদ্যুতে!
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্ ॥৭॥
অহং কনককেতকীকুসুমগৌর! দুষ্টঃ ক্ষিতৌ
ন দোষলবদর্শিতা বিবিধদোষপূর্ণেঽপি তে।
অতঃ প্রবণয়া ধিয়া কৃপণবৎসল! ত্বাং ভজে
শচীসুত! ময়ি প্রভো! কুরু মুকুন্দ! মন্দে কৃপাম্ ॥৮॥

ইব, ঈক্ষণে—নেত্রে, যস্য, হে তাদৃশ!। স্মিতস্তবকেন—মন্দ-হাস-গুচ্ছেন, সুন্দরঃ অধরঃ যস্য, হে তাদৃশ!। বিশঙ্কটং—বিশালম্, উরস্তটং—বক্ষঃ, যস্য, হে তাদৃশ!। "বিশঙ্কটং পৃথু বৃহৎ বিশালং পৃথুলং মহৎ" ইতি অমরঃ ॥ ৭ ॥

'পাপাত্মাপি অহং তব স্বভাবং বীক্ষ্য কৃতার্থঃ স্যাম্, ইতি হৃষ্টচিত্তোঽস্মি' ইতি-ভাবেন আহ,—অহমিতি। হে কনক-কেতকী-কুসুম-গৌর!, ক্ষিতৌ—পৃথিব্যাম্, অহং, দুষ্টঃ—কাম-ক্রোধাদি-দূষিতঃ, অস্মি। বিবিধদোষপূর্ণেঽপি জনে, তে—তব, দোষ-লবদর্শিতা নাস্তি। অতঃ উদ্ধারকস্য তব উদ্ধারোণ ময়া সহ সম্বন্ধ-

তোমার নয়নযুগল যেন প্রফুল্ল কমলের মত ঢলঢল করিতেছে। শুভ্র পুষ্পগুচ্ছের মত মৃদুহাস্যের উপর মৃদু হাস্যে তোমার অধর আহা কি সুন্দর কি সুন্দর! আহা কি বিশাল বক্ষস্থল! তোমার হস্তদুইখানি যেন দুইটী ফণী ফণা ধরিয়া খেলা করিতেছে! আহা তোমার কান্তি যেন কোটি কন্দর্পকেও পরাভব করিয়াছে! প্রভু হে,—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৭ ॥

ওহে শচীনন্দন! তোমার গৌর বরণ যেন কনক-কেতকী কুসুমের মত শোভন ও লোভন! আমি কিন্তু

digitized at BRCindia.com

ইদং ধরণিমণ্ডলোৎসব ! ভবৎপদাঙ্কেষু যে
নিবিষ্টমনসো নরাঃ পরিপঠন্তি পদ্যাষ্টকম্ ।

প্রত্যয়াদ্ধেতোঃ ত্বাম্ অহং, প্রবণয়া—নম্রয়া, ধিয়া ভজে। হে কৃপণ-বৎসল !, ময়ি মন্দে কৃপাং কুরু ॥ ৮ ॥

অষ্টকপাঠফলম্ আহ—ইদমিতি। হে ধরণিমণ্ডলোৎসব ! হে শচীহৃদয়নন্দন ! হে প্রকট-কীর্ত্তি-চন্দ্র ! হে প্রভো ! যে নরাঃ, ভবৎপদাঙ্কেষু—ত্বচ্চরণচিহ্নেষু, নিবিষ্টমনসঃ সন্তঃ, ইদং পদ্যাষ্টকং পরি পঠন্তি, তেভ্যঃ ত্বং, নিজ-প্রণয়-নির্ভরং—স্ব-প্রেম-সম্পত্তিং,

এই পৃথিবীতে যার-পর-নাই কামক্রোধাদিতে দুষ্ট—যার-পর-নাই মলিন। ওহে কৃপণবৎসল—দীনদয়াল ! বিবিধ দোষে পরিপূর্ণ জনেরও তুমি সামান্য দোষের কণাও দেখনা, তাই আজ বিনীতভাবে তোমাকে ভজনা করিতে প্রবৃত্ত হইয়াছি। প্রভু হে,—মুকুন্দ হে, আমি মহা মন্দ, আমার প্রতি কৃপা প্রকাশ কর ॥ ৮ ॥

প্রভু হে, তুমি পৃথিবীমণ্ডলের সাক্ষাৎ উৎসবস্বরূপ। তুমি শচীমাতার হৃদয়ে আনন্দ বর্দ্ধন করিয়া থাক। চন্দ্রের উদয়ে ধরণীর অন্ধকার বিদূরিত হয়,—তাপিতের তাপের শান্তি হয় ; তুমিও জগতে যে বিমল লীলাকীর্ত্তিরূপ চন্দ্রের প্রকাশ করিয়াছ, তাহার সমুজ্জ্বল শীতল কিরণে জগদ্বাসীর অন্তর বাহিরের অন্ধকার এবং পাপতাপ সমস্তই বিদূরিত হইয়া যায়। হে দেব ! যে সকল মানব তোমার চরণ-

digitized at BRCindia.com

শচীহৃদয়নন্দন! প্রকটকীর্ত্তিচন্দ্র! প্রভো!

নিজপ্রণয়নির্ভরং বিতর দেব! তেভ্যঃ শুভম্ ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যদেবস্য

তৃতীয়াষ্টকং সমাপ্তম্ ॥

বিতর—দেহি। হে দেব!, শুভং—মঙ্গলাত্মকম্। অস্মিন্ অষ্টকে পৃথ্বী-ছন্দঃ,—"জসৌ জসযলা বসুগ্রহ-যতিশ্চ পৃথ্বী গুরুঃ" ইতি তল্লক্ষণম্ ॥ ৯ ॥

চিত্তে মন-প্রাণ সমর্পণ পূর্ব্বক পরমাদরে এই পদ্যাষ্টক পাঠ করিয়া থাকে, তাহাদিগকে তুমি সাক্ষাৎ শুভস্বরূপ—সর্ব্ববিধ মঙ্গলস্বরূপ আপন প্রেমসম্পত্তি প্রদান কর ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর তৃতীয়াষ্টক

সমাপ্ত।

শ্রীকৃষ্ণচৈতন্যার্পণমস্তু।

digitized at SRCindia.com